

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
(www.lgd.gov.bd.)

নং-৪৬.০০.৬৮০০.০৪২.২৭.০০১.১৭-১৯৬৫

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ  
৮ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন


যেহেতু, জনাব মোঃ নাজিউর রহমান, সদস্য, ৬ নং ওয়ার্ড, জেলা পরিষদ, নরসিংদী এর বিরুদ্ধে সিদ্ধিরগঞ্জ থানার ৮(১২)০৮ নং মোকদ্দমায় ৫ (পাঁচ) বছরের সাজাপ্রাপ্ত হয়ে ফৌজদারী আপীল ১২৩/১১ নং মোকদ্দমায় জেল হাজতে আটক রয়েছেন।

যেহেতু, জেলা পরিষদ আইন, ২০০০ এর ১০(১)(গ) ধারা অনুযায়ী ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হয়ে কারাদণ্ডে দণ্ডিত হওয়ায় তাকে অপসারণের কার্যক্রম আরম্ভ করা হয়েছে;

যেহেতু, জনাব মোঃ নাজিউর রহমান, সদস্য, ৬ নং ওয়ার্ড, জেলা পরিষদ, নরসিংদী এর বিরুদ্ধে জেলা পরিষদ আইন, ২০০০ এর ১০ (১)(গ) ধারা অনুযায়ী অপসারণের কার্যক্রম আরম্ভ করার তাঁর দ্বারা জেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ এর ১০ক(১) ধারা অনুসারে জনাব মোঃ নাজিউর রহমান, সদস্য, ৬ নং ওয়ার্ড, জেলা পরিষদ, নরসিংদীকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।


  
(আনজুমান আরা)  
উপসচিব  
ফোন: ৯৫৭৫৫৬৮

নং-৪৬.০০.৬৮০০.০৪২.২৭.০০১.১৭-১৯৬৫

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ  
৮ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, নরসিংদী।
- ৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নরসিংদী।
- ৯। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ১০। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নরসিংদী।
- ১২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। জনাব মোঃ নাজিউর রহমান, সদস্য, ৬ নং ওয়ার্ড, জেলা পরিষদ, নরসিংদী।

  
(আনজুমান আরা)  
উপসচিব